



সংখ্যা: ৩৭১(১৬)০১৮/কঅ/৩১১ তাং ২৭/১০/২০১৮

তারিখ: ২৭ অক্টোবর ২০১৮

ইউনিট A (কলা অনুষদ ও চারুকলা অনুষদ)  
রাজশাহী বিশ্ববিদ্যালয়  
নোটিশ

কলা অনুষদ ও চারুকলা অনুষদ (ইউনিট A) প্রথম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষা ২০১৮-২০১৯ -এর ফলাফল প্রাথমিকভাবে প্রকাশ করা হলো। নিম্নে উল্লেখিত সময়সূচী অনুসারে মেধাক্রম অনুযায়ী ইংরেজী বিভাগের লিখিত পরীক্ষা, চারুকলা অনুষদভুক্ত বিভাগসমূহের ব্যবহারিক পরীক্ষা, নাট্যকলা বিভাগের ব্যবহারিক পরীক্ষা এবং সঙ্গীত বিভাগের ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। মেধার ক্রমানুসারে ইউনিট A এর পরীক্ষার্থীদের প্রথমে সাক্ষাৎকার গ্রহণ করা হবে এবং সাক্ষাৎকার শেষে প্রার্থীদের ভর্তির জন্য চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে। প্রকাশিত ফলাফলে কোন ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা যথাযথ কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

ব্যবহারিক/লিখিত পরীক্ষা ও সাক্ষাৎকারের সময়সূচী এবং অন্যান্য শর্তাবলী

- (ক) নাট্যকলা বিভাগের ব্যবহারিক পরীক্ষা ০১/১১/২০১৮ থেকে ০৫/১১/২০১৮ তারিখ পর্যন্ত উক্ত বিভাগের সিডিউল অনুযায়ী অনুষ্ঠিত হবে।
- (খ) সঙ্গীত বিভাগের ব্যবহারিক পরীক্ষা ০১/১১/২০১৮ থেকে ০৪/১১/২০১৮ তারিখ পর্যন্ত উক্ত বিভাগের সিডিউল অনুযায়ী অনুষ্ঠিত হবে।
- (গ) চারুকলা অনুষদভুক্ত তিনটি বিভাগের ব্যবহারিক পরীক্ষা গ্রুপ-১, ০২.১১.২০১৮ তারিখ সকাল ৯.০০-১০.০০টা এবং গ্রুপ-২ সকাল ১১.০০-১২.০০টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। পরীক্ষার স্থান কলা অনুষদের নোটিশ বোর্ড থেকে জেনে নিতে হবে।
- (ঘ) ইংরেজী বিভাগের লিখিত পরীক্ষা ০৮/১১/২০১৮ সকাল ৯.৩০-১০.৩০ টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। পরীক্ষার স্থান কলা অনুষদের নোটিশ বোর্ড থেকে জেনে নিতে হবে।
- (ঙ) ইউনিট A এর মেধাক্রমানুযায়ী গ্রুপ-১ থেকে ১৫০০ জন পরীক্ষার্থীর ১৮/১১/২০১৮ তারিখে এবং গ্রুপ-২ থেকে ১৫০০ জন পরীক্ষার্থীর সাক্ষাৎকার ১৯/১১/২০১৮ তারিখে প্রতিদিন সকাল ৯টা থেকে দুপুর ২টা পর্যন্ত গ্রহণ করা হবে। সাক্ষাৎকার গ্রহণের স্থান কলা অনুষদের নোটিশ বোর্ড থেকে জেনে নিতে হবে।
- (চ) ইউনিট A এর মেধাক্রমানুযায়ী গ্রুপ-১ এবং গ্রুপ-২ থেকে ৩০০০ জনের পরবর্তী দাখিল/আলিম পাস পরীক্ষার্থীদের মধ্য হতে উভয় গ্রুপ থেকে মেধাক্রমানুযায়ী ২৫০+২৫০ মোট ৫০০ জনের সাক্ষাৎকার গ্রুপ-১, ১৮/১১/২০১৮ এবং গ্রুপ-২, ১৯/১১/২০১৮ অনুষ্ঠিত হবে।
- (ছ) সাক্ষাৎকার গ্রহণের সময় প্রার্থীকে নিম্নে উল্লেখিত কাগজপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে-
  - (১) পরীক্ষা হলে পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত প্রবেশপত্র।
  - (২) Subject Choice Form এর প্রিন্ট আউট কপি।
  - (৩) এস.এস.সি./সম্মান ও এইচ.এস.সি./সম্মান পরীক্ষার মূল মার্কশীট।
  - (৪) এইচ.এস.সি. মূল রেজিস্ট্রেশন কার্ড।
- (জ) নির্ধারিত তারিখ ও সময়ে সাক্ষাৎকারে অনুপস্থিত ছাত্র/ছাত্রীদের পরবর্তীতে কোনক্রমেই সাক্ষাৎকার গ্রহণ করা হবে না এবং তাদের ভর্তির যোগ্যতা বাতিল বলে গণ্য হবে।
- (ঝ) সাক্ষাৎকার গ্রহণের পর ভর্তির জন্য চূড়ান্ত তালিকা ২০/১১/১৮ তারিখে কলা অনুষদের নোটিশ বোর্ডে ও [www.ru.ac.bd](http://www.ru.ac.bd)-তে প্রকাশ করা হবে।
- (ঞ) রাজশাহী বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে ([www.ru.ac.bd](http://www.ru.ac.bd)) ০৮/১১/২০১৮ তারিখ হতে ১৫/১১/২০১৮ তারিখের মধ্যে Subject Choice Form পূরণ করতে হবে। নির্ধারিত সময়ে Subject Choice Form পূরণ না করলে ১৮ নভেম্বর এবং ১৯ নভেম্বর ২০১৮ তারিখে অনুষ্ঠিতব্য সাক্ষাৎকারে অংশ গ্রহণ করা যাবে না।
- (ট) আসন ফাঁকা থাকা সাপেক্ষে পরবর্তীতে অপেক্ষমান তালিকা রাজশাহী বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে ([www.ru.ac.bd](http://www.ru.ac.bd)) প্রকাশ করা হবে।
- (ঠ) ভর্তি শুরু: ২৫ নভেম্বর ২০১৮, ভর্তির শেষ তারিখ ১০ জানুয়ারী ২০১৯
- (ড) ক্লাশ শুরু: ২১ জানুয়ারী ২০১৯

(প্রফেসর ড. মো. ফজলুল হক)

চীফ কো-অর্ডিনেটর

ইউনিট A (কলা অনুষদ ও চারুকলা অনুষদ)

ও

ডীন, কলা অনুষদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।